



৮০-র ১৪ই ফেব্রুয়ারীর নিহতদের স্মরণে গতকাল (মঙ্গলবার) কলাভবন হইতে কার্জন হলের দিকে অগ্রসরমান ছাত্র মিছিল —ইত্তেফাক

# ১৪ই ফেব্রুয়ারীর নিহতদের স্মরণে বিশ্ববিদ্যালয়ে সভা, মিছিল

(ইত্তেফাক রিপোর্ট)  
মিছিল ও প্রতিবাদ সভার মধ্য দিয়া কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ গতকাল (মঙ্গলবার) ৮০-র মধ্য ফেব্রুয়ারীর ঘটনাবলীর প্রথম বাৎসরিক পালন করে।  
কার্জন হল প্রাঙ্গণে আয়োজিত সমাবেশে ছাত্র সংগ্রাম পরিষদ নেতৃবৃন্দ ১৫ ও ৭ দলীয় ৫ দফার সমর্থনে ১লা মার্চ হরতাল পালনের আহ্বান জানানাইয়া বলেন, শিক্ষানীতি বাতিল ও সামরিক আইন প্রত্যাহারের দাবীতে ছাত্রদের নিজস্ব ১০ দফার আন্দোলন পাশাপাশি চলিবে।

ছাত্ররা ১৪ই ফেব্রুয়ারীর শহীদদের স্মরণে শিশু একাডেমী প্রাঙ্গণে একটি স্মরণকল্পে নির্মাণের (৮ম পৃঃ ৬-এর কঃ দঃ)

## তদন্ত কমিশনের রিপোর্ট প্রকাশের দাবী

গতকাল (মঙ্গলবার) বিকালে বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে ঢাকা ভাসিটির শিক্ষক সমিতির সভায় তদন্ত কমিশনের রিপোর্ট প্রকাশ করিয়া দায়ী ব্যক্তিদের শাস্তিদানের দাবী জানানো হয়। চ্যান্সেলর একটি বিশেষ ছাত্রদলের সহিত একাত্মতা ঘোষণার পরিস্থিতিও সভায় আলোচিত হয়। সভায় বলা হয়, সমাজ ও শিক্ষাদানে অস্থিরতার জগৎ সংবিধানের প্রতি অবজ্ঞাই প্রধানতঃ দায়ী। সভায় বলা হয়, জনপ্রতিনিধিহীন প্রশাসন কর্তৃক বাধ্যতামূলক আরবী শিক্ষা চাপানোর সিদ্ধান্তই ১৪ই ফেব্রুয়ারীর ঘটনার হেতু। ছাত্রদের সহিত শিক্ষক সমিতি উহার রাজনৈতিক সম্পর্ক অস্বীকার করে। প্রেস বিজ্ঞপ্তি।

## বিশ্ববিদ্যালয়ে মিছিল

(১ম পৃঃ পর)  
চেষ্টা করিলে পুলিশ তাহাদের বাধা প্রদান করে। পরে তাহারা কার্জন হলের প্রাঙ্গণে একটি স্মৃতি স্তম্ভ নির্মাণ করিয়া উহাতে পুষ্পার্ঘ অর্পণ করে।  
গত বৎসরের ১৪ই ফেব্রুয়ারীর অষ্টম সংঘর্ষ স্থল শিশু একাডেমী প্রাঙ্গণে ছাত্রদের প্রতিবাদ সমাবেশ আয়োজনের কথা ছিল; কিন্তু পুলিশ সমাবেশের মঞ্চ সরাইয়া ফটক আটকাইয়া সেখানে ছাত্রদের সম্মেলন অনুষ্ঠানে বাধা দেয়। হাইকোর্ট মাজারের নিকটবর্তী সড়কদ্বীপে ছাত্ররা পুষ্পার্ঘ অর্পণ করিতে চেষ্টা করিলে সেখানেও পুলিশ বাধা প্রদান করে। অবশেষে কার্জন হল প্রাঙ্গণে মধ্য ফেব্রুয়ারীর ঘটনায় নিহতদের স্মরণে এক স্মরণ সভার আয়োজন করা হয়। ভাসিটির বিভিন্ন এলাকায় দাবী-দাওয়ার প্রোগ্রাম দিয়া কালোবাজখারী ছাত্ররা এ সমাবেশে যোগ দেয়। হলে হলে ও ভাসিটির বিভিন্ন ভবনে গতকাল কালোপতাকা উড়িয়াছিল। ডাকসু সহ-সভাপতি জনাব আখতারুজ্জামান গত মধ্য ফেব্রুয়ারী নিহত মোজাম্মেল হোসেন আইয়ুবের পিতা জালাল উদ্দিন ফকিরসহ বিভিন্ন সংগঠনের ছাত্র নেতৃবৃন্দ সমাবেশে বক্তৃতা করেন খোন্দকার মোহাম্মদ ফারুক সভায় সভাপতিত্ব করেন। ডাকসু সহ-সভাপতি জানান, ২১শে ফেব্রুয়ারী পর্যন্ত প্রতিবাদ সপ্তাহ পালন শেষে ২৪শে ফেব্রুয়ারী প্রতিবাদ দিবস পালিত হইবে। ছাত্রলীগ (আজিজ-মীরাজ) ও বিপ্লবী ছাত্র আন্দোলন শহীদ স্মৃতিসৌধে পুষ্পমালা দান, বিক্ষোভ মিছিল ও আলোচনা-সভার মাধ্যমে গতকাল ফ্যাসিবাদ বিরোধী দিবস পালন করে। সভায় মধ্য ফেব্রুয়ারী হত্যাকাণ্ডের চারবিচার দাবী করা হয়। যুব ইউনিয়ন আয়োজিত স্মরণ সভায় ১লা মার্চ হরতাল পালনের আহ্বান জানানো হইয়াছে। সমাজতান্ত্রিক ছাত্রক্রান্ত ঢাকা, রাজশাহী, বরিশালে গতকাল প্রতিবাদ দিবসে ছাত্রদের উপর নূতন পুলিশী হামলার নিন্দা করিয়াছে।  
জাতীয়তাবাদী ছাত্রদল বটতলার পৃথক সমাবেশের আয়োজন করে এবং পরে কার্জন হল প্রাঙ্গণের সমাবেশে আসিয়া মিলিত হয়।

সমাজতান্ত্রিক ছাত্রক্রান্ত মধ্য ফেব্রুয়ারীর ঘটনাবলীর উপর টিএসসি সড়কদ্বীপে আলকচিত্র প্রদর্শনীর আয়োজন করে। সংস্কৃতি সংসদের সাংস্কৃতিক সমাবেশ আয়োজিত হয় বটতলায়।  
শহীদ দেশপ্রেমিক বিপ্লবী স্মৃতি সংসদ কার্জন হল প্রাঙ্গণে গতকাল বিকালে এক সমাবেশের আয়োজন করে। সমাবেশের পর আরণ্যক গোঞ্জির প্রয়োজনায় কুদিরামের দেশে নাটক অভিনীত হয়। প্রফেসর আহমদ শরীফ, কবি ফরহাজ আহমদ এ সমাবেশে বক্তব্য রাখেন।  
খুলনায় ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে একটি মিছিল শহরের রাজপথ পরিভ্রমণ করে। সেখানে কোন অপ্রীতিকর ঘটনা ঘটে নাই।